



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৯

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

বিষয়: বাগেরহাট জেলার সদর উপজেলাধীন বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুল, বাগেরহাট, সদর-এর নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব নিয়ামত আলী নয়ন-এর চাকুরী হতে চূড়ান্ত বরখাস্তের আবেদন অনুমোদন করা প্রসঙ্গে

সূত্র: ক) অধ্যক্ষের ০৭-১১-২০২০ খ্রি. তারিখের আবেদন

খ) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির গত ১৬-০৫-২০২২ খ্রি. তারিখের ৭৩ তম সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার সদর উপজেলাধীন বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুলের নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব নিয়ামত আলী নয়ন-এর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বাদী পক্ষের উপস্থিতিতে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৩ তম সভায় বিশদভাবে পর্যালোচনা করা হয়। বিবাদী বিগত ০৩ টি সভায় অনুপস্থিত ছিলেন। কলেজের অধ্যক্ষ জানান যে, বিবাদী জনাব নিয়ামত আলী নয়ন দীর্ঘদিন যাবত কলেজে অনুপস্থিত আছেন। কলেজ কর্তৃপক্ষ পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়েও তার কোনও সাড়া পায়নি। দীর্ঘদিন কলেজে অনুপস্থিত থাকায় এবং আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির পরপর ০৩ টি সভায় অনুপস্থিত থাকায় কলেজের স্বার্থে এবং ন্যায় বিচারের স্বার্থে বাগেরহাট জেলার সদর উপজেলাধীন বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুলের নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব নিয়ামত আলী নয়ন-এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের প্রস্তাবে কমিটির সদস্যগণ সর্বসম্মতিক্রমে সম্মতি জ্ঞাপন করেন।

এমতাবস্থায়, বাগেরহাট জেলার সদর উপজেলাধীন বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুলের নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব নিয়ামত আলী নয়ন-এর চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের আবেদন মঞ্জুর করা হলো।

১২-৬-২০২২

কে এম রস্মানী

কলেজ পরিদর্শক

ফোন: ০৪২১৬৮৬৩৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

সভাপতি, গভর্নিং বডি

বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুল, বাগেরহাট সদর,  
বাগেরহাট

ইমেইল: ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৮.২০.১৯/১(৬)

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বাগেরহাট
- ৩) অধ্যক্ষ, বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুল, বাগেরহাট সদর, বাগেরহাট
- ৪) জনাব নিয়ামত আলী নয়ন, নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর, বাগেরহাট বহুমুখী কলেজিয়েট

স্কুল

৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

৬) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



১২-৬-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক